



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আহাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ২৩ /২০২৬

তারিখ: ০২/০৮/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড কর্তৃক আহ্বানকৃত

সি এন্ড এফ এজেন্ট নিয়োগের e-Tender এ অংশগ্রহণ হতে বিরত থাকা প্রসঙ্গে

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর আমদানীকৃত গ্যাস সরঞ্জাম/সামগ্রী ছাড়করণের লক্ষ্যে সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য e-Tender বিজ্ঞপ্তি (Ref. No: 28.16.9100.098.07.002.26.03, Date:02- 04 -2026) এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়। আহ্বী সি এন্ড এফ এজেন্টদের নিকট হতে আগামী ১৬ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখের মধ্যে National e-GP Portal এর মাধ্যমে অনলাইনে টেন্ডার দাখিলের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। উক্ত টেন্ডার প্রকাশের তারিখ ০২/০৮/২০২৬ খ্রি. হতে টেন্ডার দাখিল/বন্ধের তারিখ ১৬/০৮/২০২৬ খ্রি. পর্যন্ত সর্বমোট কর্মদিবস রয়েছে ০৯দিন। পিপিআর-২০২৫ অনুসারে টেন্ডার দাখিলের জন্য সাধারণত: সময় ১৪ থেকে ২১ কর্মদিবস সময় দেওয়া হয়।

দরপত্রে ন্যূনতম কমিশনরে কোন কলাম না থাকায় সিএন্ডএফ এজেন্টগনের পক্ষে ন্যূনতম সিএন্ডএফ এজেন্ট দর উল্লেখ করা সম্ভব হবে না। সিএন্ডএফ কমিশনের ভ্যাট আমদানীকারক তথা জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড কর্তৃক প্রদানের বিষয়ে দরপত্রে কোন উল্লেখ নেই। এতে এসোসিয়েশনের টেন্ডার নীতিমালা অনুযায়ী ই টেন্ডারে সদস্য সিএন্ডএফ এজেন্টগনের পক্ষে দরপত্র দাখিল করা সম্ভব হচ্ছে না। এছাড়া National e-GP Portal এর মাধ্যমে e-Tender দাখিল সি এন্ড এফ এজেন্টদের জন্য নতুন বিষয়। অন্যদিকে e-GP Portal এ রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রায় ৭-১০ দিন সময় লাগে।

এ প্রেক্ষিতে, e-Tender এ অংশগ্রহণে সি এন্ড এফ এজেন্টদের পর্যাপ্ত প্রস্তুতির সুযোগ প্রদান, e-Tender প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা বা জ্ঞান অর্জনের জন্য এবং আরোপিত অপ্রয়োজনীয় শর্ত সংশোধন করার জন্যে অত্র এসোসিয়েশনের সাথে আলোচনা পূর্বক পুনরায় e-Tender আহ্বান করার অনুরোধ জানিয়ে ১২/৮/২০২৬ খ্রি. তারিখ অত্র এসোসিয়েশন থেকে ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড কে পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত প্রেক্ষাপটে জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড কর্তৃক সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহ্বানকৃত e-Tender যদি স্থগিত করা না হয়, তাহলে পিপিআর-২০২৫ যথাযথভাবে অনুসরণ না করে টেন্ডার আহ্বান এবং টেন্ডারে অপ্রয়োজনীয় শর্ত সংশোধন না করা পর্যন্ত উক্ত e-Tender এ অংশগ্রহণ হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

মোঃ শওকত আলী

সাধারণ সম্পাদক